



‘সমানো মন্ত্র: সমিতি: সমানী’

UNIVERSITY OF NORTH BENGAL
B.A. Programme 5th Semester Examination, 2023

DSE1/2-P1-BENGALI

OLD SYLLABUS [For students with registration session 2018-2019 & 2019-2020]

Time Allotted: 2 Hours

Full Marks: 60

The figures in the margin indicate full marks.

**The question paper contains paper DSE-1A and DSE-1B
The candidates are required to answer any one from the two courses.
Candidates should mention it clearly on the Answer Book.**

DSE-1A

বাংলা উপন্যাস: উদ্ভব ও ক্রমবিকাশ (১৯৫০ খ্রীঃ পর্যন্ত)

- ১। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২
- (ক) ‘কৃষ্ণকান্তের উইল’ উপন্যাসটি কার লেখা ও কোন সালে প্রকাশিত হয়? এই উপন্যাসের তিনটি চরিত্রের নাম উল্লেখ করো।
- (খ) ‘দেনাপাওনা’ উপন্যাসটি কত সালে প্রকাশিত হয়? এই উপন্যাসের কটি পরিচ্ছেদ?
- (গ) বিশ শতকে রচিত তিনটি বাংলা রাজনৈতিক উপন্যাসের নাম, রচয়িতা ও প্রকাশকাল উল্লেখ করো।
- (ঘ) ‘কৃষ্ণকান্তের উইল’ উপন্যাসে কৃষ্ণকান্ত কতবার উইল পরিবর্তন করেছিলেন? এই পরিবর্তনের কারণগুলি উল্লেখ করো।
- (ঙ) ‘দেনাপাওনা’ উপন্যাসে উল্লেখিত গ্রামের নাম কী? এই গ্রামের জমিদার কে ছিলেন?
- (চ) বঙ্গভঙ্গ আন্দোলনের প্রেক্ষিতে রচিত তিনটি বাংলা উপন্যাসের নাম ও রচয়িতার নাম লেখো।
- ২। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪
- (ক) বাংলা উদ্ভব পর্বের উপন্যাস সম্পর্কে আলোকপাত করো।
- (খ) উপন্যাসের সংজ্ঞা ও বৈশিষ্ট্য সম্পর্কে লেখো।
- (গ) ‘দেনাপাওনা’ উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো।
- (ঘ) ‘দেনাপাওনা’ উপন্যাসের নির্মল চরিত্রটি সম্পর্কে আলোচনা করো।
- (ঙ) ‘কৃষ্ণকান্তের উইল’ উপন্যাসটির নামকরণের শিল্প-সার্থকতা আলোচনা করো।
- (চ) ‘কৃষ্ণকান্তের উইল’ উপন্যাসের গোবিন্দলাল চরিত্রটি সম্পর্কে লেখো।
- ৩। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪
- (ক) ‘দেনাপাওনা’ উপন্যাসের নায়ক চরিত্র সম্পর্কে আলোচনা করো।

- (খ) 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসের রোহিনী চরিত্রটি আলোচনা করে তার পরিণামের যৌক্তিকতা দেখাও।
- (গ) 'দেনাপাওনা' উপন্যাসে গ্রাম্য সমাজ-ব্যবস্থার নির্মম চিত্র যেভাবে ফুটে উঠেছে — তা সুন্দরভাবে নিজের ভাষায় ব্যক্ত করো।
- (ঘ) দুই বিশ্বযুদ্ধ মধ্যকালীন কয়েকটি উপন্যাসের নাম উল্লেখ করে যে-কোনো একটি উপন্যাস সম্পর্কে বিশদভাবে ব্যক্ত করো।

অথবা

DSE-1B

বাংলা ছোটগল্পের উদ্ভব ও ক্রমবিকাশ

- ১। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও: ৩×৪ = ১২
- (ক) বাংলা ছোটগল্প খারায় তিনজন প্রধান ছোটগল্পকারের নাম ও তাদের রচিত একটি করে ছোটগল্পের নাম লেখো।
- (খ) 'স্বীর পত্র' গল্পে কে, কাকে, কোথা থেকে পত্র লিখেছে ?
- (গ) 'মহেশ' গল্পে বর্ণিত তিনটি চরিত্রের নাম লেখো।
- (ঘ) 'জলসাঘর' গল্পটি কবে, কোন পত্রিকায় প্রকাশিত হয়েছে ? এই গল্পের নায়ক চরিত্রের নাম লেখো।
- (ঙ) 'দুঃশাসনীয়' গল্পটি কার লেখা ? গল্পের দুটি চরিত্রের নাম লেখো।
- (চ) 'তৃতীয় দ্যুতসভা' গল্পটি কোন গল্পগ্রন্থের অন্তর্ভুক্ত ? গ্রন্থটি কবে প্রকাশিত হয় ? এটি কোন ধরনের গল্প ?
- ২। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও: ৬×৪ = ২৪
- (ক) 'স্বীর পত্র' গল্পের বিন্দু চরিত্রটির স্বরূপ আলোচনা করো।
- (খ) 'মহেশ' গল্পে কাশীপুর গ্রামের জমিদারের প্রতাপের বর্ণনা দাও।
- (গ) 'দুঃশাসনীয়' গল্পে বস্ত্রের জন্য হাফাকারের যে চিত্র বর্ণিত হয়েছে তার পরিচয় দাও।
- (ঘ) 'তৃতীয় দ্যুতসভা' গল্পে রাজশেখর বসুর হাস্যরস সৃষ্টির কৃতিত্ব আলোচনা করো।
- (ঙ) 'জলসাঘর' গল্পে নবীন ও প্রবীণের দ্বন্দ্বের যে ছবি পরিস্ফুট হয়েছে তা আলোচনা করো।
- (চ) 'জলসাঘর' গল্পে জমিদারতন্ত্রের যে ক্ষয়িষ্ণু রূপ প্রকাশ পেয়েছে — তার পরিচয় দাও।
- ৩। নিম্নলিখিত যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও: ১২×২ = ২৪
- (ক) বাংলা ছোটগল্প রচনায় কল্লোল লেখক গোষ্ঠীর অবদান আলোচনা করো।
- (খ) 'স্বীর পত্র' গল্পে রবীন্দ্রনাথ মৃগাল চরিত্রের মধ্য দিয়ে যে ব্যক্তিস্বাতন্ত্র্যের ছবি তুলে ধরেছেন তার বর্ণনা দাও।
- (গ) 'জলসাঘর' গল্পে বিশ্বম্ভর রায়ের চরিত্রে সামন্ততান্ত্রিক মনোভাবের যে প্রকাশ ঘটেছে তার স্বরূপ বর্ণনা করো।
- (ঘ) 'মহেশ' গল্পে গফুর কিভাবে চটকলের শ্রমিকে পরিণত হল — আলোচনা করো।

—x—